

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৩৭(আগরতলা ৯।০৫)
কৈলাসহর, ৯ মে, ২০২৪

কৈলাসহর মহকুমায় রবীন্দ্র জন্মজয়ন্তী

কৈলাসহরের উনকোটি কলাক্ষেত্রে গতকাল যথাযোগ্য মর্যাদায় কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মজয়ন্তী উদযাপিত হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন কৈলাসহর মহকুমার অতিরিক্ত মহকুমা শাসক নবকুমার জমাতিয়া। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় বিদ্যালয়ের অধ্যক্ষ রিতুরাজ, তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহ অধিকর্তা বিশ্বজিৎ দেব প্রমুখ। অনুষ্ঠানে উপস্থিত অতিথিগণ কবিগুরুর জীবনী ও সাহিত্যচর্চা নিয়ে আলোচনা করেন। অনুষ্ঠান শুরুর আগে অতিথিগণ কবিগুরুর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জ্ঞাপন করেন। অনুষ্ঠানে মহকুমার বিভিন্ন সাংস্কৃতিক সংস্থার শিল্পীগণ রবীন্দ্র সঙ্গীত, রবীন্দ্র নৃত্য ও আবৃত্তি পরিবেশন করেন। এদিন প্রভাতফেরীর মধ্য দিয়ে অনুষ্ঠানের সূচনা করা হয়। প্রভাতফেরী শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে। তথ্য ও সংস্কৃতিক দপ্তরের উদ্যোগে অনুষ্ঠানের আয়োজন করা হয়।
